রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, আগস্ট ৩০, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩৩ ব./২২ আগস্ট ২০২৬ খ্রি.

**নং ০৩.০৮.২৬৯০.০৬৮.১১.০০৪.২৬-৪১৭**—ইনভেস্ট বাংলাদেশ আইন, ২০২৬ (২০২৬ সনের ১০৪ নং আইন)-এর ধারা ৬৬(২) এবং ৬৬(৩)(ঘ)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিলুপ্ত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর জনবল আত্মীকরণ, পদায়ন এবং অন্তর্বর্তীকালীন প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত নিম্নরূপ প্রজ্ঞাপন জারি করল:

০১। **কর্মকর্তা-কর্মচারী ন্যস্তকরণ:** বিলুপ্ত বেজা, পিপিপিএ ও বিডা'র নিজস্ব নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের নবগঠিত "ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ"-এর কর্মকর্তা ও কর্মচারী হিসেবে গণ্য করা হলো এবং তাঁদের পূর্বের চাকরির শর্ত ও ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখে স্ব স্ব পদে ন্যস্ত করা হলো;

০২। **পিআরএল ও অবসরোত্তর কার্যক্রম:** বিলুপ্ত বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের প্রযোজ্যতা অনুসারে পিআরএল (PRL) এবং অবসর পরবর্তী প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম "ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ"-এর মাধ্যমে সম্পাদন;

০৩। **পরামর্শক ও আউটসোর্সিং জনবল:** বিলুপ্ত প্রতিষ্ঠান ০৩টি'র নিয়োজিত পরামর্শক, আউটসোর্সিং কর্মচারী এবং দৈনিক মজুরি ভিত্তিতে কর্মরত শ্রমিকগণ পূর্বের ক্রয় চুক্তি বা আদেশের ধারাবাহিকতায় "ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ"-এ তাঁদের কার্যক্রম অব্যাহত রাখা;


**মূল্য :** টাকা ৪.০০

০৪। **সুযোগ-সুবিধা সংরক্ষণ:** “ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষ”-এ ন্যস্তকৃত বিলুপ্ত প্রতিষ্ঠানসমূহের (বিডা, বেজা ও পিপিপি কর্তৃপক্ষ) কর্মকর্তা ও কর্মচারীগণ এই কর্তৃপক্ষে ন্যস্তকরণের অব্যবহিত পূর্বে যে সকল আর্থিক ও অন্যান্য সুবিধা ভোগ করতেন, সে সকল সুবিধা অব্যাহত থাকবে;

০৫। **অভ্যন্তরীণ কাঠামো ও পদায়ন:** নবগঠিত ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো অনুমোদিত হওয়ার পূর্ব পর্যন্ত এর অভ্যন্তরীণ কাঠামো নির্ধারণ, পুনঃবিন্যাস এবং অভ্যন্তরীণ পদায়নের বিষয়ে ইনভেস্ট বাংলাদেশ কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন; এবং

০৬। **প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা:** নতুন প্রতিষ্ঠানের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা আনুষ্ঠানিকভাবে অনুমোদিত হওয়ার পূর্ব পর্যন্ত চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাদের ক্ষেত্রে পূর্বতন প্রতিষ্ঠানসমূহের প্রযোজ্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বহাল থাকবে।

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আব্দুস সাত্তার**
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd